ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

কনফিডেন্স সিমেন্ট
A গ্রেড ক্লিংকার
☎01755550035-36

রোববার | ৯ জুন ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ২৬৭ সংখ্যা | ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ সাল | ২ জিলহজ ১৪৪৫ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদিকে ক্রেস্ট প্রদান করছেন আইআইইউসি চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী*

### আইআইইউসির সংবর্ধনা অনুষ্ঠানে ইউএই রাষ্ট্রদূত

# আরব আমিরাতের সাথে বাংলাদেশের ধর্মীয় ও সাংস্কৃতিক সুসম্পর্ক রয়েছে

সংযুক্ত আরব আমিরাতের বাংলাদেশে নিযুক্ত রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদি বলেছেন, আরব আমিরাতের সাথে বাংলাদেশের একটি ধর্মীয় ও সাংস্কৃতিক সুসম্পর্ক রয়েছে। সহনশীলতা ও মানবিক সহাবস্থানের মূল্যবোধ প্রচার ও প্রসারে যে সকল দেশ অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে; সংযুক্ত আরব আমিরাত সেগুলোর অন্যতম। আমি আশা করি সহিষ্ণুতা ও শান্তিপূর্ণ সহাবস্থানের সংস্কৃতি প্রচার ও প্রসারে আইআইইউসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমি আইআইইউসির উত্তরোত্তর সফলতা কামনা করছি।

গতকাল শনিবার দুপুরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ক্যাম্পাস পরিদর্শনের পর আইআইইউসি কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

আইআইইউসি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী।

বক্তব্যে তিনি বলেন, সংযুক্ত আরব আমিরাত বাংলাদেশের বন্ধুরাষ্ট্র। আইআইইউসির সাথে সংযুক্ত আরব আমিরাতের সম্পর্ক দীর্ঘ দিনের। আমি মাননীয় রাষ্ট্রদূতকে আইআইইউসি পরিদর্শনে আসার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। আইআইইউসির পক্ষ থেকে বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান রাষ্ট্রদূতকে সম্মান সূচক ক্রেস্ট তুলে দেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিওটি সদস্য প্রফেসর ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, মোহাম্মদ খালেদ মাহমুদ, প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, প্রফেসর ড. মো. ফসিউল আলম, উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর ড. মাহি উদ্দিন, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, ফ্যাকাল্টি ডিনবৃন্দ, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ।

এর আগে রাষ্ট্রদূত আইআইইউসি ক্যাম্পাসে বৃক্ষরোপণ করেন ও ক্যাম্পাস পরিদর্শন করেন। পরে শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্টের অর্থায়নে নির্মিত সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির শেখ জায়েদ সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্সের ক্লাসরুম ও ল্যাবসমূহ পরিদর্শন করেন ও সংস্থাটির অর্থায়নে নির্মিতব্য শেখ জায়েদ সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্সের দ্বিতীয় একাডেমিক ভবন পরিদর্শন করেন।

Ref: Dainik Azadi, Date: 09 June 2024, Page: 3, Col: 4
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2024-06-09

আস্থায় সংযোগে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

রবিবার
চট্টগ্রাম
৯ জুন ২০২৪
২৬ জ্যৈষ্ঠ ১৪৩১
২ জিলহজ ১৪৪৫
বর্ষ-১২, সংখ্যা-১৭০

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা

দূষণ নিয়ন্ত্রণ করে কয়লাভিত্তিক সাশ্রয়ী বিদ্যুৎকেন্দ্র স্থাপন জরুরি | ৩
সিন্ডিকেট কারসাজি বন্ধ করতে হবে | ৪
নীতিশ কুমারকে 'প্রধানমন্ত্রীর পদ প্রস্তাব করেছিল ইন্ডিয়া জোট' | ৬
ভূমি সংক্রান্ত সব ধরনের সেবা মিলবে ১০ স্টলে | ৮

## ক্যাম্পাস পরিদর্শনকালে আমিরাতের রাষ্ট্রদূত

# শান্তিপূর্ণ সহাবস্থানের প্রসারে আইআইইউসি ভূমিকা রাখবে

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদি গতকাল শনিবার দুপুরে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম (আইআইইউসি) ক্যাম্পাস পরিদর্শন করেছেন। এসময় আইআইইউসি'র কেন্দ্রীয় মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে রাষ্ট্রদূতকে সংবর্ধনা প্রদান করা হয়। এসময় আইআইইউসির পক্ষ থেকে বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান ড. আবু রেজা নদভী রাষ্ট্রদূতকে সম্মান সূচক ক্রেস্ট তুলে দেন। সংবর্ধিত অতিথি হিসেবে আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদি তাঁর বক্তব্যে বলেন, আমি আজকে এখানে আসতে পেরে অত্যন্ত গর্ববোধ করছি। আরব আমিরাতের সাথে ➢ পৃষ্ঠা ৭, কলাম ৭.




আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদিকে ক্রেস্ট প্রদান করছেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী

# শান্তিপূর্ণ সহাবস্থানের প্রসারে আইআইইউসি

● শেষ পৃষ্ঠার পর

বাংলাদেশের একটি ধর্মীয় ও সাংস্কৃতিক সুসম্পর্ক রয়েছে। সহনশীলতা ও মানবিক সহাবস্থানের মূল্যবোধ প্রচার ও প্রসারে যে সকল দেশ অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে; সংযুক্ত আরব আমিরাত সেগুলোর অন্যতম। আমি আশা করি সহিষ্ণুতা ও শান্তিপূর্ণ সহাবস্থানের সংস্কৃতি প্রচার ও প্রসারে আইআইইউসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমি এই বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সফলতা কামনা করছি।

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও চট্টগ্রাম ১৫ (সাতকানিয়া-লোহাগাড়া) আসনের সাবেক সাংসদ প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী। বিশেষ অতিথির বক্তব্যে তিনি বলেন, সংযুক্ত আরব আমিরাত বাংলাদেশের বন্ধুরাষ্ট্র। আইআইইউসির সাথে সংযুক্ত আরব আমিরাতের সম্পর্ক দীর্ঘ দিনের। আমি রাষ্ট্রদূতকে আইআইইউসি পরিদর্শনে আসার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। আইআইইউসির পক্ষ থেকে বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান রাষ্ট্রদূতকে সম্মান সূচক ক্রেস্ট তুলে দেন।

এর আগে রাষ্ট্রদূত আইআইইউসি ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও ক্যাম্পাস পরিদর্শন করেন । সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইআইইউসি ফিন্যান্স কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য প্রফেসর ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, মিডিয়া, প্রেস, পাবলিকেন্স এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য মোহাম্মদ খালেদ মাহমুদ, পারচেজ এন্ড প্রকিউরমেন্ট কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, ইন্টারনাল অডিট কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য প্রফেসর ড. মো. ফসিউল আলম, আইআইইউসি উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর ড. মাহি উদ্দিন, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, ফ্যাকাল্টি ডীন বৃন্দ, বিভাগীয় চেয়ারম্যান বৃন্দ সহ শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও শিক্ষার্থী বৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইএএসডব্লিউডির ভারপ্রাপ্ত পরিচালক মো. মাহফুজুর রহমান ও দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের লেকচারার শোয়েব উদ্দিন মক্কী।

Ref: Dainik Purbodesh, Date: 09 June 2024, Page: 8, Col: 5
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-06-09

চট্টগ্রাম রবিবার ৯ জুন ২০২৪

# দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৩৯তম বর্ষ ১১১তম সংখ্যা । । ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ । । ২ জিলহজ্ব ১৪৪৫ হিজরি । । Sunday 9 June 2024 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

কনফিডেন্স সিমেন্ট
01755550035-36

MOIN AGRO FARM




*বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদিকে আইআইইউসি'র পক্ষে সম্মাননা সূচক ক্রেস্ট প্রদান করছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী*

# আইআইইউসি পরিদর্শনে আমিরাতের রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আবদুল্লাহ

বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্টদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদি গতকাল শনিবার আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম ক্যাম্পাস পরিদর্শন করেন। পরে আইআইইউসি কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানের মাধ্যমে রাষ্ট্রদুতকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ও সংবর্ধিত অতিথি ছিলেন সংযুক্ত আরব আমিরাতের বাংলাদেশে নিযুক্ত রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী আব্দুল্লাহ খাসিফ আল হামুদি। আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান ও চট্টগ্রাম ১৫ (সাতকানিয়া- লোহাগাড়া) আসনের সাবেক এমপি প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী।

আইআইইউসির পক্ষ থেকে বোর্ড অব ট্রাস্টিজ চেয়ারম্যান রাষ্ট্রদূতকে সম্মান সূচক ক্রেস্ট তুলে দেন। এর আগে রাষ্ট্রদূত আইআইইউসি ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও ক্যাম্পাস পরিদর্শন করেন এবং শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্টের অর্থায়নে নির্মিত সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির শেখ জায়েদ সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্সের ক্লাসরুম ও ল্যাব সমূহ পরিদর্শন করেন ও সংস্থাটির অর্থায়নে নির্মিতব্য শেখ জায়েদ সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্সের দ্বিতীয় একাডেমিক ভবন পরিদর্শন করেন।

সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইআইইউসি ফিনেন্স কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য প্রফেসর ড. ইঞ্জিনিয়ার রশীদ আহমেদ চৌধুরী, মিডিয়া, প্রেস, পাবলিকেন্স এন্ড এডভারটাইজম্যান্ট কমিটির চেয়ারম্যান ও বিওটি সদস্য মোহাম্মদ খালেদ মাহমুদ, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর ড. মাহি উদ্দিন, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, ফ্যাকাল্টী ডীনবৃন্দ, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দসহ শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ।-বিজ্ঞপ্তি

Ref: Dainik Purbokone, Date: 09 June 2024, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-06-09